# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৫৬০ | তারিখঃ ০১/০৭/২০২৫ খ্রিঃ

**"মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ১০ (দশম) সভার কার্যবিবরণী"**

| | | |
|---|---|---|
| সভার নম্বর | : | ১০ (দশম) |
| সভাপতি | : | জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা। |
| তারিখ | : | ২৯ জুন ২০২৫ খ্রি. |
| বার | : | রোজ রবিবার |
| সময় | : | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পৌরসভার সভা কক্ষ, মানিকগঞ্জ পৌরসভা। |

**সভায় উপস্থিত মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ :**

| | |
|---|---|
| ০১। | জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা। |
| ০২। | জনাব ডাঃ মোঃ মকছেদুল মোমিন, সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মানিকগঞ্জ। |
| ০৩। | জনাব ড. রবীআহ নূর আহমেদ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ। |
| ০৪। | জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ। |
| ০৫। | জনাব এবিএম খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার-প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ। |
| ০৬। | জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ। |
| ০৭। | জনাব মোঃ আমীর হোসেন, জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ। |
| ০৮। | জনাব গকুল চন্দ্র দেবনাথ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ। |
| ০৯। | জনাব হোসনে নাজনীন আরা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ। |

সভার প্রারম্ভে প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানান এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে আলোচ্য সূচি উপস্থাপনের আহ্বান জানান।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভায় প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান পূর্ববর্তী ২৮/০৫/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে গত ২৮/০৫/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণীর কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০২</td><td><u>রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা :</u> সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, মানিকগঞ্জ পৌরসভার ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট ও কর প্রস্তাব পৌরসভা কর্তৃক অনুমোদিত হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে আগামী নতুন অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী ট্রেড, ট্যাক্স, টোল, রেইট ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম ১লা জুলাই হতে শুরু করতে হবে। এ প্রেক্ষিতে সকল বিভাগ ও শাখা প্রধানদেরকে মাসিক টার্গেট নিরুপন পূর্বক বাজেট বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td>বিস্তারিত আলোচনান্তে সকল বিভাগ ও শাখা প্রধানদেরকে ১লা জুলাই, ২০২৫ খ্রি. হতে প্রস্তাবিত বাজেট ও কর প্রস্তাব অনুযায়ী মাসিক, ত্রৈমাসিক, সানমাসিক ও বার্ষিক টার্গেট নিরুপন পূর্বক ট্রেড, ট্যাক্স, টোল, রেইট ও প্রশাসনিক কার্যক্রম সহ উন্নয়ন কার্যক্রম আরম্ভ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>কর আদায়কারী মানিকগঞ্জ পৌরসভা।</td></tr>
<tr><td>০৩</td><td><u>উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত আলোচনা :</u> সভার সভাপতি উন্নয়ন খাতের প্রকল্প গ্রহণ বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত ১৫টি প্রকল্পের একটি অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। ১৫টি প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ :-
<table>
<tr><th>ক্র:নং-</th><th>প্যাকেজ নং-</th><th>প্রকল্পের তালিকা</th><th>অগ্রগতির হার</th></tr>
<tr><td>০১।</td><td>MPS/Eng./2024-25/01</td><td>নগর ভবন ৩লা নামাজের রুমের কাজ।</td><td>২০%</td></tr>
<tr><td>০২।</td><td>MPS/Eng./2024-25/02</td><td>নগর ভবন গ্রাউন্ড ফ্লোর এর স্টোর রুমের কাজ।</td><td>-</td></tr>
<tr><td>০৩।</td><td>MPS/Eng./2024-25/03</td><td>(ক) সদর হাসপাতালের নিকট পাবলিক টয়লেট মেরামত কাজ। (খ) ডিসি অফিস সংলগ্ন পাবলিক টয়লেট মেরামত কাজ। (গ) বাসস্ট্যান্ড পাবলিক টয়লেট মেরামত কাজ।</td><td>১০%</td></tr>
<tr><td>০৪।</td><td>MPS/Eng./2024-25/04</td><td>চর বেউথা ক্যাসেল রেস্টুরেন্টের দক্ষিণ পাশ হতে রতনের বাড়ি পর্যন্ত রাস্তা ইট সলিং দ্বারার উন্নয়ন কাজ।</td><td>২০%</td></tr>
<tr><td>০৫।</td><td>MPS/Eng./2024-25/05</td><td>বান্দুটিয়া রনি ম্যানসন রোড হতে ওসমানের বাড়ি পর্যন্ত রাস্তা পাইপ ড্রেণ এবং সিসি করণ কাজ।</td><td>৩০%</td></tr>
<tr><td>০৬।</td><td>MPS/Eng./2024-25/06</td><td>(ক) বান্দুটিয়া কাপালী পাড়া মেইন রাস্তা হতে পশ্চিম দিকে সোহাগের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং দ্বারা উন্নয়ন কাজ। (খ) পূর্ব দাশড়া ফোরকানিয়া মাদ্রাসার রাস্তায় শামীমের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। (গ) এলজিইডি চকে রমজান আলী সড়কে সোহেলের বাড়ী হতে আরিফের বাড়ী পর্যন্ত রাস্তা ইট সলিং দ্বারা উন্নয়ন কাজ।</td><td>-</td></tr>
<tr><td>০৭।</td><td>MPS/Eng./2024-25/07</td><td>বেউথা মাদ্রাসা হতে জাহিদএর বাড়ী হয়ে ক্যাপ্টেন আঃ হালিম চৌধুরী রাস্তা পর্যন্ত সিসি দ্বারা উন্নয়ন কাজ।</td><td>-</td></tr>
<tr><td>০৮।</td><td>MPS/Eng./2024-25/08</td><td>(ক) পশ্চিম দাশড়া সৈকত ভিলা হতে জালখোলা মসজিদ হয়ে খাল পর্যন্ত ড্রেনের স্লাব নির্মান কাজ। (খ) গঙ্গাধরপট্টি উৎপাদন নলকূপ হতে সপন দত্তের বাড়ী পর্যন্ত পাইপ ড্রেন ও সলিং দ্বারা রাস্তা উন্নয়ন কাজ।</td><td>-</td></tr>
<tr><td>০৯।</td><td>MPS/Eng./2024-25/09</td><td>জেলা শিল্পকলা গেইট হতে দক্ষিন দিকে বাচ্চুর বাড়ী পর্যন্ত আরসিসি</td><td>-</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে গৃহীত প্রকল্প সমূহ প্রাক্কলন, ড্রইং ড্রিজাইন ও গুনগত মান বজায় রেখে নিয়মানুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা</td></tr>
</table>

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| | | পাইপ ড্রেন নির্মান কাজ। লিংক- ১: খালেকুজ্জামান রাস্তা। | |
| ১০। | MPS/Eng./2024-25/10 | বেইথা পাবলিক লাইব্রেরী রোড হতে উত্তর দিকে প্রফেসর সিদ্দিক মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত কাজ। | ১০% |
| ১১। | MPS/Eng./2024-25/11 | মানিকগঞ্জ বড় বাজার এলাকায় ১৫০ মিমি ব্যাসের ০১ টি উৎপাদক নলকূপ স্থাপন কাজ। | - |
| ১২। | MPS/Eng./2024-25/12 | (ক) মানিকগঞ্জ বড় বাজার এলাকায় ৩৮ মিমি ব্যাসের ০১টি টেস্ট টিউবওয়েল স্থাপন কাজ। (খ) শহীদ তজু সড়কের কাজী রিপনের বাড়ী হতে পশ্চিম দিকে পশ্চিম সেওতা জামে মসজিদ পর্যন্ত ১৫০ মিমি ব্যাসের আন্তঃসংযোগ পাইপ লাইন স্থাপন কাজ। (গ) মানিকগঞ্জ বড় বাজারে আব্দুল হাই এর বাড়ী হতে দক্ষিন দিকে সুলতান বেকারীর দোকান পর্যন্ত ১৫০ মিমি ব্যাসের আন্তঃসংযোগ পাইপ লাইন স্থাপন কাজ। | - |
| ১৩। | MPS/Eng./2024-25/13 | (ক) ০২টি ২০অশ্বঃশক্তি ক্ষমতা সম্পন্ন ও ০১ টি ১৫ অশ্বশক্তি ক্ষমতা সম্পন্ন সাবমার্সিবল পাম্প মটর মেরামত কাজ। (খ) পাইপ লাইন মেরামত কাজের মালামাল ক্রয় কাজ। (গ) বেউথা রোড এ ফজলুল হক সাহেবের বাড়ীর নিকট ২৫০ মিমি* ১৫০মিমি ব্যাসের উৎপাদক নলকূপ স্থাপন কাজ। | - |
| ১৪। | MPS/Eng./2024-25/14 | (ক) নগর ভবনের প্লাস্টার করণ এবং রং করণ কাজ। (খ) নগর ভবনের রোলার সেড নির্মান কাজ। | ১০% |
| ১৫। | MPS/Eng./2024-25/15 | (ক) মাছ বাজারের নিকট পাবলিক টয়লেট মেরামতকাজ। (খ) বেউথা বাজারের নিকট পাবলিক টয়লেট মেরামতকাজ। | - |

উপরোক্ত প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদনের বিষয়ে বলেন, যে সমস্ত প্রকল্প এখনো বাস্তবায়ন করা হয়নি, সে সমস্ত প্রকল্প সংশ্লিষ্ট ঠিকাদারের সহিত আলোচনা পূর্বক দ্রুততম সময়ে বাস্তবায়ন করা প্রয়োজন। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

**০৪**

**আলোচনা:** <u>**বিশেষ বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ ও প্রাক্কলন অনুমোদন :**</u> সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.১৫.০৯৮.১৯-৩৪৯ তারিখ: ১৫/০৬/২০২৫ খ্রি. পত্রের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরে উন্নয়ন তহবিলের আওতায় ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখিত প্রাপ্ত অর্থের বিপরীতে প্রকল্প গ্রহণ করতে হবে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের শেষ মূহুর্তে পঞ্চাশ লক্ষ টাকা বরাদ্দ পত্র পাওয়া যায়। সময়ের স্বল্পতাহেতু বিধায় প্রশাসক মহোদয়ের নির্দেশনা ক্রমে ওয়ার্ড

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে বিশেষ বরাদ্দের বিপরীতে নিম্নলিখিত প্রকল্প ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত অর্থ অনুমোদন সহ PPR-2008 অনুসরণ পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

| ক্রঃ নং- | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ০১ | মানিকগঞ্জ সিংগাইর রাস্তায় দেলোয়ারের বাসা হতে পশ্চিম দিকে পুলকের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২,৬৩,৮২৯.০০ |
| ০২ | এলজিইডি চকে হাবিবে-নুর জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ কাজ। | ৩,৪৩,৬৯০.০০ |

**বাস্তবায়নকারী:** নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ভিত্তিক জন-গুরুত্বপূর্ণ ১৩(তের) টি প্রকল্প ও প্রক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্প সমূহ সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত প্রকল্প সমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td>
<table>
<tr><td>০৩</td><td>স্টেডিয়াম পুকুরের পশ্চিম পাড়ে কালা মিয়ার বাড়ী হতে স্টেডিয়াম গ্যালারীর পিছনে পশ্চিম দিক দিয়ে মির্জা স্বপনের বাড়ী পর্যন্ত মাটি ভরাটসহ রাস্তা উন্নয়ন কাজ।</td><td>৪,০০,১৯৪.০০</td></tr>
<tr><td>০৪</td><td>পোড়রা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে মাটি ভরাট কাজ।</td><td>৩,১৯,০৫৭.০০</td></tr>
<tr><td>০৫</td><td>মানিকগঞ্জ মডেল হাই স্কুলের মাঠে মাটি ভরাট কাজ।</td><td>৩,০৭,০৮৭.০০</td></tr>
<tr><td>০৬</td><td>পশ্চিম দাশড়া আনোয়ারের বাড়ী হতে উত্তর দিকে সিরাজ মাস্টারের বাড়ী পর্যন্ত পিভিসি পাইপ ড্রেন করণ কাজ।</td><td>৫,৫৯,৭৫৯.০০</td></tr>
<tr><td>০৭</td><td>ক্যাপ্টেন আঃ হালিম চৌধুরী রাস্তায় জসিম উদ্দিনের বাড়ী হতে কন্টু মাস্টারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ।</td><td>৩,১১,৬১৫.০০</td></tr>
<tr><td>০৮</td><td>স্টেডিয়াম পুকুরের উত্তর পার্শে রাস্তা সলিং করণ এবং ৩টি এসএস বেঞ্চ স্থাপন কাজ।</td><td>৬,১৭,৪৫২.০০</td></tr>
<tr><td>০৯</td><td>দক্ষিণ সেওতা জামে মসজিদের পশ্চিম পার্শে মেরামত কাজ।</td><td>২,০৮,৩৯৮.০০</td></tr>
<tr><td>১০</td><td>মানিকগঞ্জ স্টেডিয়াম সংলগ্ন পুকুরের চারপাশে বৈদ্যুতিক বাতি স্থাপন করণ কাজ।</td><td>৬,৬৭,৭৪২.০০</td></tr>
<tr><td>১১</td><td>পোড়রা ব্লক-এ মাহাবুবের বাসা হতে উত্তর দিকে পাভেল ঠাকুরের বাসা পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ।</td><td>২,২৭,১১১.০০</td></tr>
<tr><td>১২</td><td>জয়রা ডক্টরস ক্লিনিক রাস্তায় উপজেলা ইঞ্জিনিয়ার কামরুল ইসলামের বাড়ী পর্যন্ত ড্রেন নির্মাণ কাজ।</td><td>১০,০০,০০০.০০</td></tr>
<tr><td>১৩</td><td>মালঞ্চ পৌরসভার শেষ সীমানা হতে পশ্চিম দিকে ১০০মিটার রাস্তা বিএসএফ করণ কাজ।</td><td>৩,১১,৩৫৯.০০</td></tr>
<tr><td colspan="3">সর্বমোট = ৫৫,৩৭,২৯৩.০০</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td>০৫</td><td><u>মাসিক হিসাব বিবরণী পেশ</u> : সভায় পৌর নির্বাহী কর্মকর্তা মে/২০২৫ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৪,৪২,৯৫,৭৭৮.৩৩ (চার কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার সাতশত আটাত্তর টাকা তেতত্রিশ পয়সা) টাকা মাত্র ও ব্যয় হয়েছে ৯৫,৬১,৫৩৬.০০ ( পঁচানব্বই লক্ষ একষট্টি হাজার পাঁচশত ছত্রিশ ) টাকা মাত্র। সমাপনী জের ৩,৪৭,৩৪,২৪২.৩৩ (তিন কোটি সাতচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার দুইশত বিয়াল্লিশ টাকা তেতত্রিশ পয়সা) টাকা মাত্র। তিনি আরো জানান যে, পৌর পানি সরবরাহ শাখায় মে/২০২৫ মাসে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৮৪,৯৭,১১৮.৩০ (চুরাশি লক্ষ সাতানব্বই হাজার একশত আঠারো টাকা ত্রিশ পয়সা) ও ব্যয় হয়েছে ৪২,৮৪,৮১৬.০০ (বিয়াল্লিশ লক্ষ চুরাশি হাজার আটশত ষোলো) টাকা মাত্র। সমাপনী জের ৪২,১২,৩০২.৩০ (বিয়াল্লিশ লক্ষ বারো হাজার তিনশত দুই টাকা ত্রিশ পয়সা)। উপরোক্ত উপস্থাপিত হিসাব বিবরণী সমূহের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td>বিস্তারিত আলোচনান্তে মে/২০২৫ মাসের পৌরসভার উপস্থাপিত আয় ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা</td></tr>
</table>

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৬ | **জেলা উন্নয়ন সমন্বয়, জেলা আইন শৃঙ্খলা ও পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ পর্যালোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মে ২০২৫ মাসে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় মানিকগঞ্জ পৌরসভা কর্তৃক গৃহীত প্রকল্প সমূহ যথাযথ নিয়মানুযায়ী বাস্তবায়নের জন্য বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে পৌরসভা কর্তৃক গ্রহীত সকল উন্নয়ন প্রকল্প যথাযথ সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |
| ০৭ | **১৪৩২ বাংলা সনের জন্য বিভিন্ন মহাল ইজারা সংক্রান্ত আলোচনা :** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, হাট বাজার সহ বিভিন্ন মহাল ইজারা প্রদানের জন্য ১৪৩২ বাংলা সনের ১ম বার ইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে ১২টি মহালের মধ্যে ৬টি ইজারা মহাল ইজারা প্রদান করা হয়েছে। নিম্ন লিখিত ৬টি ইজারা মহাল ইজারা দেওয়া সম্ভব হয়নি।<br>০১। হাট বাজার। ০২। মাছ বাজারের সামনে গণশৌচাগার। ০৩। খাদ্য গুদামের সামনে গণশৌচাগার। ০৪। বেউথা ঘাটের গণশৌচাগার। ০৫। বাস টার্মিনালের স্ন্যাকস। ০৬। ডিসি কোর্ট সংলগ্ন গণশৌচাগার।<br>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক উল্লেখিত মহালের মধ্যে হাট বাজার মহাল ইজারা প্রদানের বিষয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি জরুরী ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত পূর্বক প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভার নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। তৎপরিপ্রেক্ষিতে গত ২৪ জুন, ২০২৫ খ্রি. তারিখে মানিকগঞ্জ হাটবাজার ১৪৩২ বাংলা সনের ইজারা সংক্রান্ত প্রতিবেদন পেশ করেন। প্রতিবেদনে উল্লেখ করেছেন হাট-বাজারের জায়গা অত্যন্ত কম। উক্ত জায়গায় ১৩০টি ভিটি রয়েছে। উক্ত ভিটি হতে পৌরসভা ৩০০(তিনশত) টাকা হারে মাসিক ভাড়া আদায় করে থাকে। মানিকগঞ্জ বাজারে বেচা কেনা কমে গিয়েছে। দেশের রাজনীতির প্রেক্ষাপটে মানিকগঞ্জ হাট-বাজারের বাৎসরিক টোল আদায় লোকসানের সম্ভবনা থাকায় ইজারাদারগণ আগ্রহী হচ্ছেনা। ৬ষ্ঠ বারে ০২ দুইটি দরপত্র বিক্রয় হয় এবং একজন দরদাতা ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা দর দাখিল করেন। যা সরকারি মূল্যের চেয়ে অনেক কম। খাস আদায় একটি জটিল প্রক্রিয়া। খাস আদায় কার্যক্রমে টোল আদায় তুলনামূলক ভাবে অনেক কমে গেছে। সে লক্ষে উল্লেখিত মহালটি দাখিলকৃত ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকার দর দাতাকেই ইজারা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ হাট বাজার মহাল ইজারা প্রদানের বিষয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট গঠিত কমিটির সুপারিশ পর্যালোচনান্তে দ্বিতীয় ধাপে প্রাপ্ত ৬ষ্ঠ বারে দাখিলকৃত ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা দর সরকারি মূল্যের চেয়ে কম হলেও বর্তমান অবস্থার প্রেক্ষাপটে খাস আদায় লাভ জনক না হওয়ার সম্ভবনা থাকায় দাখিলকৃত দরে অবশিষ্ট সময়ের জন্য উল্লেখিত মহাল ইজারা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং ইজারাদারকে দাখিলকৃত দরের বাদবাকি সময়ের জন্য কার্যাদেশ দেওয়ার জন্য প্রশাসক মহোদয়কে অনুরোধ করা হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ০৮ | **ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে করণীয় বিষয়ে আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডেঙ্গু ও মশাবাহিত অন্যান্য রোগ নির্মূলে সরকার কর্তৃক বেশ কয়েকটি পত্র পাওয়া গেছে। পত্র সমূহ সভায় উপস্থাপন করা হয় এবং করনীয় সম্পর্কে দেয়া দিক নির্দেশনা আলোচনা করা হয়। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, বাংলাদেশের ৬৪টি জেলায় ডেঙ্গু রোগীর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। সংবাদ মাধ্যমে জানা যায় প্রতিটি জেলা শহর গুলিতে ডেঙ্গু রোগীর সংখ্যা বেশী। তার মধ্যে ঢাকা জেলা ও চট্টগ্রাম জেলায় ডেঙ্গু রোগীর সংখ্যা বেশি বৃদ্ধি | বিস্তারিত আলোচনান্তে ডেঙ্গু প্রতিরোধে জন-সাধারণকে সচেতন করে তোলার জন্য পৌর এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে সম্পৃক্ত করে সচেতনতা মূলক র‍্যালী, মাইকিং, গুরুত্বপূর্ণ স্থান সমূহে ব্যানার, ওয়ার্ড ভিত্তিক সভা সমাবেশ/নাটক নাটিকার মাধ্যমে জন-সাধারণকে সচেতন করে তোলার ও পৌরসভার মাধ্যমে নিয়মিত মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পাচ্ছে এবং দিন দিন মৃত্যুর সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে। সাধারণত সেপ্টেম্বর হতে অক্টোবর মাস পর্যন্ত অতি বৃষ্টির কারনে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পায়। মানিকগঞ্জ সদর হাসপাতালে এ পর্যন্ত ৪৭জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে এবং চিকিৎসা গ্রহণ করেছে। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন পৌর এলাকার জন-সাধারণকে সচেতন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডেঙ্গু রোগ যেন মহামারিতে রূপ ধারণ না করতে পারে। বর্তমান পরিস্থিতিতে ডেঙ্গু রোগের প্রতিকার প্রতিরোধ বিষয়ে জন-সচেতনতা তৈরী করা আমাদের দায়িত্ব ও কর্তব্য বলে মনে করি। ডেঙ্গু প্রতিরোধের বিষয়ে প্রশাসক সভাকে অবহিত করেন যে, পৌরসভার মাধ্যমে বিভিন্ন ধরনের পরিকল্পনা গ্রহণ পূর্বক পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা সহ পৌর এলাকার শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে সম্পৃক্ত করে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা র‍্যালী করা যেতে পারে। ওয়ার্ড ভিত্তিক সভা সমাবেশ ও নাটকের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল সমূহ ও বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস প্রতিষ্ঠান এবং পৌরসভার গুরুত্বপূর্ণ স্থান সমূহে সিডিউল অনুযায়ী জঙ্গল পরিস্কার সহ ফগার মেশিনের মাধ্যমে মশার ঔষধ ছিটানো যেতে পারে। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বৃদ্ধি করতে হবে। পৌর জন-সাধারণকে সচেতন করে তোলার জন্য মাইকিং, লিফলেট, গুরুত্বপূর্ণ স্থান সমূহে জন-সচেতনতা মূলক ব্যানার স্থাপন করা যেতে পারে। ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | |
| ০৯ | **<u>করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে করণীয় বিষয়ে আলোচনা :</u>** প্রশাসক করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে প্রথমে উপস্থিত পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য সিভিল সার্জন এর নিকট করণীয় বিষয়ে প্রাথমিক দিক নির্দেশনা প্রদানের জন্য বলেন। সিভিল সার্জন সভাকে অবহিত করেন যে, করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে করোনা ভাইরাসের সময় যে সমস্ত বিধি নিষেধ ও নিয়ম কানুন মানা হয়েছে। সেই একই ভাবে করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এখন পর্যন্ত মানিকগঞ্জ জেলা হাসপাতাল সমূহে করোনার নতুন সাব-ভ্যারিয়েন্ট ধরা পড়েনি। পরিস্কার পরিচ্ছন্নতা ঈমানের অঙ্গ। তাই পূর্বের মত বাহির হতে বাসায় বা অফিসে প্রবেশ করলে সাবান দিয়ে হাত-পা ধৌত করতে হবে। স্প্রে করতে হবে, মাস্ক পরিধান করতে হবে। করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে পৌরসভার মাধ্যমে পৌরবাসীকে সচেতন করার লক্ষে পৌর এলাকার গুরুত্বপূর্ণ স্থান, শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস প্রতিষ্ঠানে এবং পৌর এলাকাতে মাইকিং করা সহ বহুল প্রচার প্রচারনার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা সহ করোনা ভাইরাস নতুন সাব-ভ্যারিয়েন্ট (COVID OMICRON-XBB) প্রতিরোধে কার্যকরি ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা ও স্যানেটারী ইন্সপেক্টর মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১০ | **টিসিবি এর আওতায় স্মার্ট ফ্যামেলি কার্ড সংক্রান্ত আলোচনা :** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, টিসিবির আওতায় উপকারভোগী ৭,৬৫৯ টি টিসিবি ফ্যামেলী কার্ড অনলাইনে এন্টি দেওয়া হয়েছে। ইতোমধ্যে ২৯/০৬/২০২৫ খ্রি. পর্যন্ত মানিকগঞ্জ পৌরসভা হতে ৫,৯০৭টি উপকারভোগী টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড অনুমোদন হয়েছে। জেলা প্রশাসক কর্তক ৪,৯৯৭টি কার্ড অনুমোদিত হয়েছে। জেলা পর্যায়ে অনুমোদনের অপেক্ষমান রয়েছে ৯১০টি। এ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিস কার্যালয় হতে ৪,৮৯১ (চার হাজার আটশত একানব্বই) টি স্মার্ট ফ্যামেলী কার্ড পাওয়া গেছে। বর্তমানে ওয়ার্ড ভিত্তিক বিতরণ ও কার্ডসমূহ একটিভ কার্যক্রম চলমান অবস্থায় রয়েছে। অবশিষ্ট টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড ১৭৫৪টি কার্ড এন্টি দেওয়া প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিস কার্যালয় হতে প্রাপ্ত ৪,৮৯১ (চার হাজার আটশত একানব্বই) টি স্মার্ট ফ্যামেলী কার্ড বিতরণ করার করার এবং বাদবাকি ১৭৫৪টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড এন্টি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |
| ১১ | **বিবিধ : ০১ : প্রাথমিক স্বাস্থ্য সেবা খাতের প্রাপ্ত অর্থ খরচ সংক্রান্ত আলোচনা :** সভায় পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ পৌরসভার অনুকুলে চারটি কিস্তির মাধ্যমে অর্থ অবমুক্ত করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে প্রথম ও দ্বিতীয় কিস্তির প্রাপ্তির বিবরণ নিম্নরূপ :<br>(১) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর উন্নয়ন-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬. ০২.০০১.২২-৭৬ তারিখ: ২৬ অক্টোবর, ২০২২ খ্রি. পত্রের মাধ্যমে ১ম ও দ্বিতীয় কিস্তি ১০,৭১,০০০/- টাকা (২) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬ .০২.০০১.২২-৯২ তারিখ: ০৮ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. পত্রের মাধ্যমে ৫,৩৫,০০০/- টাকা (৩) স্মারক নং- ৪৬.০০.০০০০. ১০৬.০২. ০০১.২২-১২৬ তারিখ: ০৫ জুন, ২০২৩ খ্রি. পত্রের মাধ্যমে পত্রের মাধ্যমে ৫,৩৫,০০০/- টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরে ০৪ টি কিস্তিতে সর্বমোট = ২১,৪১,০০০/- (একুশ লক্ষ একচল্লিশ হাজার টাকা) বরাদ্দ প্রদান করেছেন।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ পৌরসভার অনুকুলে চারটি কিস্তির মাধ্যমে অর্থ অবমুক্ত করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত অর্থের বিবরণ নিম্নরূপ :<br>(১) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর উন্নয়ন-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-১৯০ তারিখ: ১৫ নভেম্বর, ২০২৩ খ্রি. পত্রের মাধ্যমে ১ম কিস্তি বাবদ ৩,৩৩,০০০/- টাকা। (২) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-২০২ তারিখ: ১৯ ডিসেম্বর, ২০২৩ খ্রি. পত্রের মাধ্যমে ২য় কিস্তি বাবদ ৩,৩৩,০০০/- টাকা (৩) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-৩০ তারিখ: ০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে ৩য় কিস্তি বাবদ ৩,৩৩,০০০/- টাকা । (৪) স্মারক নং- | বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ মানিকগঞ্জ পৌরসভার অনুকুলে প্রাপ্ত অর্থ দ্বারা PPR-2028 অনুসরণ পূর্বক ০১(এক) টি এ্যাম্বুলেন্স ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং সংশ্লিষ্ট শাখা কর্তৃক প্রকৌশল বিভাগের মাধমে এ্যাম্বুলন্স ক্রয়ের প্রাক্কলন পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-৭৭ তারিখ: ০৭ মে, ২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে ৪র্থ কিস্তি বাবদ ৩,৩৩,০০০/- টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে ০৪ টি কিস্তিতে সর্বমোট = ১৩,৩২,০০০/- (তের লক্ষ বত্রিশ হাজার টাকা) বরাদ্দ প্রদান করেছেন।<br><br>২০২৪-২০২৫ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ পৌরসভার অনুকুলে চারটি কিস্তির মাধ্যমে অর্থ অবমুক্ত করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত অর্থের বিবরণ নিম্নরূপ :<br><br>(১) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর উন্নয়ন-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-১১১ তারিখ: ৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে ১ম কিস্তি বাবদ ১,৯২,০০০/- টাকা। (২) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-২৫৩৩ তারিখ: ২১ নভেম্বর, ২০২৪ খ্রি. পত্রের মাধ্যমে ২য় কিস্তি বাবদ ১,৯২,০০০/- টাকা (৩) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-০৫ তারিখ: ১২ জানুয়ারি, ২০২৫ খ্রি. পত্রের মাধ্যমে ৩য় কিস্তি বাবদ ১,৯২,০০০/- টাকা । (৪) স্মারক নং- ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-৮১ তারিখ: ২৭ এপ্রিল, ২০২৫ খ্রি. পত্রের মাধ্যমে ৪র্থ কিস্তি বাবদ ১,৯২,০০০/- টাকা। ২০২৪-২০২৫ অর্থ বছরে ০৪ টি কিস্তিতে সর্বমোট = ৭,৬৮,০০০/- (সাত লক্ষ আটষট্টি হাজার টাকা) বরাদ্দ প্রদান করেছেন। তিন অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ পৌরসভার অনুকুলে সর্বমোট ৪২,৪১,০০০/- (বিয়াল্লিশ লক্ষ একচল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখিত অর্থ পৌরসভার বিজস্ব খাতে জমা রয়েছে। এ খাতের প্রাপ্ত অর্থ এ পর্যন্ত খরচ করা হয়নি। তিনি বরাদ্দপত্রের নয়মাবলী পাঠ করে শোনান। বরাদ্দপত্রে শর্তে "ক" অনুচ্ছেদে এ্যাম্বুলেন্স ক্রয়ের বিষয়টি উল্লেখ রয়েছে। তিনি বলেন, পৌর এলাকার জন-সাধারণের সুবিধার্থে এবং মানব কল্যাণে পৌরসভার মাধ্যমে ০১(এক)টি এ্যাম্বুলেন্স ক্রয় করা যেতে পারে। এ বিষয়ে প্রশাসক বলেন, প্রাপ্ত অর্থের মাধ্যমে একটি এ্যাম্বুলেন্স ক্রয় করা হলে পৌর বাসী ভীষণ ভাবে উপকৃত হবে। তিনি আরো বলেন, এ্যাম্বুলেন্স ক্রয়ের জন্য প্রাক্কলন পরবর্তী সভায় প্রকৌশল বিভাগকে উপস্থাপনের জন্য বলা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td></td><td><u>বিবিধ : ০২ : জরুরী ভিত্তিতে পৌরসভার মাধ্যমে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা</u> :- পৌর নিবাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, জরুরী ভিত্তিতে নিম্ন লিখিত প্রকল্প সমূহ বাস্তবায়ন করা প্রয়োজন।<br><table><tr><th>ক্রঃ নং-</th><th>প্রকল্পের নাম</th></tr><tr><td>০১</td><td>পৌরসভার হল রুমে ০২(দুই) টন A.C স্থাপন কাজ।</td></tr></table></td><td>বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত প্রকল্প ও প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত অর্থ অনুমোদন করত: PPR-2028 এর ৭০, ৭১, ৭২ নং- বিধি অনুসরণ পূর্বক কোটেশন আহবানের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা</td></tr>
</table>

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><td>০২</td><td>বেউথা ব্রীজ আলোকিত করন কাজ।</td></tr>
<tr><td>০৩</td><td>মানিকগঞ্জ পৌরসভার পিক-আপ গাড়ি মেরামত কাজ।</td></tr>
<tr><td>০৪</td><td>গার্ভেজ ট্রাক-৪ মেরামত কাজ।</td></tr>
<tr><td>০৫</td><td>গার্ভেজ ট্রাক-৩ মেরামত কাজ।</td></tr>
<tr><td>০৬</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ি হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ি পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ০০-২০০মি:)</td></tr>
<tr><td>০৭</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ি হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ি পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ২০০-৪১৫মি:)</td></tr>
<tr><td>০৮</td><td>বেউথা আইআরপি এর পার্শ্বে গ্যারেজ নির্মাণ কাজ।</td></tr>
<tr><td>০৯</td><td>বিল্টু ক্লাবের পুকুর সৈন্দর্য বর্ধন কাজ।</td></tr>
<tr><td>১০</td><td>বিল্টু ক্লাবের পুকুরের পার্শ্বে জন-সাধারণের বসার সেড নির্মাণ কাজ।</td></tr>
<tr><td>১১</td><td>(ক) নারাঙ্গাই মমিম মাতাব্বরের বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।<br>(খ) নারাঙ্গাই আলী হোসেনে বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।<br>(গ) উচুটিয়া জাহাঙ্গীরের বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।</td></tr>
<tr><td>১২</td><td>নগর ভবনের জন্য জেনারেটর ক্রয় কাজ।</td></tr>
</table>
উপস্থাপিত উপরোক্ত ১২(বার)টি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।
</td><td>
<table>
<tr><th>ক্রঃ নং-</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>০১</td><td>পৌরসভার হল রুমে ০২(দুই) টন A.C স্থাপন কাজ।</td><td>১,০৬,০০০.০০</td></tr>
<tr><td>০২</td><td>বেউথা ব্রীজ আলোকিত করন কাজ।</td><td>২,৭১,৪০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>মানিকগঞ্জ পৌরসভার পিক-আপ গাড়ি মেরামত কাজ।</td><td>৩,৪৮,১৭৯.০০</td></tr>
<tr><td>০৪</td><td>গার্ভেজ ট্রাক-৪ মেরামত কাজ।</td><td>২,৫৯,৪২৩.০০</td></tr>
<tr><td>০৫</td><td>গার্ভেজ ট্রাক-৩ মেরামত কাজ।</td><td>২,৬৩,৬৭১.০০</td></tr>
<tr><td>০৬</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ি হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ি পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ০০-২০০মি:)</td><td>৩,৭৯,৯৭৮.০০</td></tr>
<tr><td>০৭</td><td>উত্তর সেওতা শহীদ টিটু সড়কে কাজী বাড়ি হতে দক্ষিণ দিকে আশরাফ কাজীর বাড়ি পর্যন্ত ২০০মিমি ব্যাসের পাইপ লাইন স্থাপন কাজ (চেইনেজ- ২০০-৪১৫মি:)</td><td>৪,০০,৫৪৬.০০</td></tr>
<tr><td>০৮</td><td>বেউথা আইআরপি এর পার্শ্বে গ্যারেজ নির্মাণ কাজ।</td><td>৭,২০,৭৪৬.০০</td></tr>
<tr><td>০৯</td><td>বিল্টু ক্লাবের পুকুর সৈন্দর্য বর্ধন কাজ।</td><td>৪,৩৪,৯৩৫.০০</td></tr>
<tr><td>১০</td><td>বিল্টু ক্লাবের পুকুরের পার্শ্বে জন-সাধারণের বসার সেড নির্মাণ কাজ।</td><td>২,২৩,০৫৬.০০</td></tr>
<tr><td>১১</td><td>(ক) নারাঙ্গাই মমিম মাতাব্বরের বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।<br>(খ) নারাঙ্গাই আলী হোসেনে বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।<br>(গ) উচুটিয়া জাহাঙ্গীরের বাড়ির নিকট খালের উপর বাঁশের পুল নির্মাণ কাজ।</td><td>১,৭১,৬৫০.০০</td></tr>
<tr><td>১২</td><td>নগর ভবনের জন্য জেনারেটর ক্রয় কাজ।</td><td>৬,৫০,০০০.০০</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td></td><td><u>বিবিধ : ০৩ : ৪ নং ওয়ার্ডের চর হিজুলী জোনাব আলীর বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজ বাস্তবায়ন প্রসঙ্গে।</u><br>আলোচনা :- পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, গত ২৮/০৫/২০২৫ খ্রি.তারিখে ৯ম সভায় বিগত প্রথম ও দ্বিতীয় পর্যায়ে TR প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের পর্যায়ে ৪ নং ওয়ার্ডের ০৬ নং ক্রমিকের প্রকল্প অর্থাৎ চর হিজুলী জনাব আলী বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন প্রকল্পটির স্থানে অন্য একটি কাজ চলমান থাকায় উল্লেখিত</td><td>বিস্তারিত আলোচনান্তে চর হিজুলী জনাব আলী বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন কাজের বরাদ্দকৃত অর্থ সরকারি কোষাগারের ১৪৯০১৪১০৯১৯-১৪৪১২০২ কোডে জমা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা।</td></tr>
</table>

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রকল্পটি বাস্তবায়ন সম্ভব হচ্ছেনা। তৎপরিপ্রেক্ষিতে প্রকল্পটির প্রাক্কলিত অর্থ ঠিক রেখে সংশ্লিষ্ট ওয়ার্ডে প্রকল্পটির পরিবর্তে ঢাকুয়া পাড়া রাস্তা হতে পশ্চিম দিকে জহিরুলের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপরিপ্রেক্ষিতে অত্রপৌরসভার স্মারক নং-মাপৌ:প্রশা:-সাধা:-২০২৫/৪৭৬/১ তারিখ: ০১/২০২৫ খ্রি. পত্রের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার বরাবরে পত্র প্রেরণ করা হয়। বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দুর্যোগ ব্যবস্থাপনা শাখার স্মারক নং-৫১.০১.৫৬৪৬.০০০.৪২.০৯০.২৫-৩৪৭ তারিখ: ২৩ জুন, ২০২৫ খ্রি. এর মাধ্যমে জানিয়েছেন ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট কাজের অর্থ ইতোমধ্যে প্রকল্প কাজের সভাপতির বরাবরে ছাড় করা হয়েছে। যেহেতু অর্থ ছাড় হয়েছে তাই উক্ত অর্থে অন্য প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব নয়। তাই ছাড় কৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য অনুরোধ করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | |

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সানজিদা জেসমীন)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
E-mail: manikganj_municip...
০২/০৭/২৫

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৫৬০
তারিখঃ ০১/০৭/২০২৫ খ্রিঃ

**<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-</u>**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৩। জনাব.......................................................................................পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য (সকল), মানিকগঞ্জ পৌরসভা।
০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।
০৫। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।
০৬। জনাব...........................................................পদবি.............................শাখা................................ মানিকগঞ্জ পৌরসভা।
০৭। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো।
০৮। সংশ্লিষ্ট নথি।

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
০২/০৭/২০২৫

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ